মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০- ২১৪ তারিখ: ১৩ মার্চ ২০২০

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ফেব্রুয়ারি ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৫ মার্চ ২০২০, সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (আইআরপি) জনাব নুরুন আখতার গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এর উপর আলোচনা।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ উল্লিখিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং এর ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	বিদেশ গমনচ্ছু কর্মীদের জন্য বাধ্যতামূলক ব্রিফিং প্রদান।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীদের জন্য প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে বিদেশ গমনেচ্ছু কর্মীদের অবহিতকরণ এবং বিদেশে তাদের করণীয় ও বর্জণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ ভবনে (২য় তলা) বিদেশ গমনেচ্ছু কর্মীদের ব্রিফিং কার্যক্রম চলমান আছে। বহির্গমন প্রাক-ব্রিফিং কার্যক্রম বাধ্যতামূলক না থাকায় বিদেশে এ সকল কর্মী বিভিন্ন ধরনের প্রতারণার শিকার হচ্ছেন। তাছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে অবহিত না থাকায় প্রদেয় সেবা হতে বঞ্চিত হচ্ছেন। বিদেশ গমনেচছু কর্মীদের এ ধরনের প্রাক- ব্রিফিং কার্যক্রম ইতঃপূর্বে বাধ্যতামূলক ছিল।	সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীদের জন্য প্রদত্ত সেবাসমূহের পরিমান বৃদ্ধি ও নতুন সেবা সংযোজন করায় প্রবাসী কর্মীদের জ্ঞাতার্থে বিদেশ গমন প্রাক্কালে প্রাক-ব্রিফিং কার্যক্রম বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

		সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীদের জন্য প্রদত্ত সেবাসমূহের পরিমান বৃদ্ধি ও নতুন সেবা সংযোজন করায় প্রবাসী কর্মীদের জ্ঞাতার্থে বিদেশে গমন প্রাক্কালে প্রাক-ব্রিফিং কার্যক্রম পুনরায় বাধ্যতামূলক করা প্রয়োজন মর্মে পরিচালক (অর্থ ও কল্যাণ) মতামত পেশ করেন। মহাপরিচালক উক্ত প্রস্তাবে সহমত পোষণ করেন এবং প্রাক-ব্রিফিং কার্যক্রম বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।		
৩.০	মোবাইল অ্যাপস চালু।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে সহজে দ্রুততম সময়ে প্রদত্ত সেবাসমূহ প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীর বিষয়ে বিস্তারিত তথ্যসহ একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রতিবেদনটির কারিগরি মতামতসহ আরো যাচাই-বাচাইপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থানের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবাসী কর্মীদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে সহজে দ্রুততম সময়ে প্রদত্ত সেবাসমূহ প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীর বিষয়ে কারিগরি মতামতসহ আরো যাচাই-বাচাইপূর্বক বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী বোর্ড সভায় উপস্থান করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি
৪.০	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথি উপস্থাপনের সময় বিদেশে অবস্থানের সময়-সীমা উল্লেখ্য।	প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথি উপস্থাপনের সময় মৃত কর্মীর বিদেশে অবস্থানের সময়-সীমা উল্লেখপূর্বক নথি উপস্থাপনের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথি উপস্থাপনের সময় মৃত কর্মীর বিদেশে অবস্থানের সময়-সীমা উল্লেখপূর্বক নথি উপস্থাপন করতে হবে।	পরিচালক (সকল)
৫.০	৭ দিন ২৪ ঘন্টা প্রবাস বন্ধু কল সেন্টার চালু নিশ্চিতকরণ।	বিশ্বের বিভিন্ন দেশের সময়ের পরিক্রমায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীনে স্থাপিত প্রবাস বন্ধু কল সেন্টারটি ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কল সেন্টারে কর্মরত সংশ্লিষ্ট কর্মচারীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কী না তা যাচাইয়ের জন্য পরিচালক ও উপ-পরিচালকগণকে রাতে বা যে কোন সময় তাৎক্ষণিক ফোন করে নিশ্চিত হওয়ার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	প্রবাস বন্ধু কল সেন্টারটি ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখা নিশ্চিত করতে হবে।	পরিচালক (আইআরপি)
৬.০	প্রবাসী কর্মীর অটিস্টিক/ প্রতিবন্ধি সন্তানদের জন্য বিশেষ ভাতা স্কীম চালুকরণ	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীর অটিস্টিক/প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি এতদবিষয়ে একটি নীতিমালা প্রণয়নপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীর অটিস্টিক / প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদানের জন্য গঠিত কমিটি এতদবিষয়ে একটি নীতিমালা প্রণয়নপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করবে।	সংশ্লিষ্ট কমিটি
৭.০	কনফারেন্স রুম সম্প্রসারণ।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুমে বিভিন্ন সভা চলাকালে জায়গা সংকুলান না হওয়ায় ডিসেম্বর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভায় সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ বর্ধিত স্পেসে কনফারেন্স রুম তৈরী করার প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। গত ২৩-০১-২০২০ তারিখে মন্ত্রণালয়ের সচিব মহোদয় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিদর্শনকালে বর্ধিত স্পেসে একটি সুন্দর কনফারেন্স রুম তৈরি করার জন্য নির্দেশনা প্রদান করেন। এরই ধারাবাহিকতায় উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) বর্ধিত স্পেসে নির্মিত কনফারেন্স রুমের ড্রয়িং ডিজাইন পাওয়ার পয়েন্ট	উপস্থাপনকৃত ড্রয়িং ডিজাইন অনুযায়ী বর্ধিত স্পেসে কনফারেন্স রুম তৈরীর লক্ষ্যে বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

		প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন এবং প্রাক্কলন সম্পর্কে অবহিত করেন। উপস্থাপনকৃত ড্রয়িং ডিজাইন দেখে সকল কর্মকর্তা/কর্মচারী সন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য, গত বোর্ড সভায় এতদবিষয়ে আলোচনা করা হয় এবং কনফারেন্স রুমটি সম্প্রসারনের জন্য নীতিগত সম্মতি প্রদান করা হয়।		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৩/২০২০

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।